

সিসিএনএফ মার্চ ২০১৯ খ্রি: মাসিক সমন্বয় সভার প্রতিবেদন

তারিখ: ১০ মার্চ ২০১৯ খ্রি:

স্থান: পালস সাব অফিস, বাজারঘাটা, কক্সবাজার।

গত ১০ মার্চ ২০১৯ খ্রি: পালস সাব অফিসে কক্সবাজার সিভিল সোসাইটি এনজিও ফোরাম (সিসিএনএফ) এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমন্বয় সভায় ১৪ টি এনজিও এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত সমন্বয় সভায় সভাপতিত্ব করেন সিসিএনএফ এর কো-চেয়ার ও কোস্ট ট্রাস্ট এর নির্বাহী পরিচালক জনাব, রেজাউল করিম চৌধুরী। পুরো সভাটি সঞ্চালনা করেন সিসিএনএফ এর কো-চেয়ার ও পালস এর প্রধান নির্বাহী জনাব, আবু মোর্শেদ চৌধুরী।

সভার আলোচ্য বিষয় সমূহ:

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ পর্যালোচনা
২. রিফোর্জ রাইটস এর উপর সিসিএনএফ সদস্যদের প্রশিক্ষণ প্রদান
৩. সংস্থা ভিত্তিক আপডেট তথ্য এবং ছবি প্রেরণ
৪. সিসিএনএফ ২০১৮ সালের কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন তৈরী করা
৫. হোস্ট কমিউনিটি নিয়ে যে সকল সংস্থা কাজ করছে তাদের উপর একটি প্রতিবেদন তৈরী এবং সার্ভে করা
৬. সিসিএনএফ রিসোর্সফুল গঠন করা
৭. রোহিঙ্গা সমস্যা এবং কক্সবাজারের উন্নয়ন শীর্ষক একটি সেমিনার এর আয়োজন করা
৮. ২০১৯ খ্রি: কোন সংস্থা কতটি এফডি-৭ কিংবা এফডি-৬ পেয়েছে তার একটি তালিকা প্রণয়ন করা
৯. বিবিধ।



ছবি: মাসিক সমন্বয় সভা মার্চ ২০১৯ খ্রি:

সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

১. রিফোর্জ রাইটস এর উপর কোস্ট তিন দিন ব্যাপি একটি প্রশিক্ষণের আয়োজন করবে এপ্রিলের প্রথম সপ্তাহে। উক্ত প্রশিক্ষণের ভেন্যু হবে উখিয়া কোস্ট রিলিফ ও অপারেশান সেন্টারে। সংশ্লিষ্ট প্রতিটি এনজিও হতে এক জন করে প্রতিনিধি এই প্রশিক্ষণে অংশগ্রহন করবেন। সিসিএনএফ এর সদস্য সচিব প্রশিক্ষণের আমন্ত্রন জানাবেন ২৫ মার্চ ২০১৯ খ্রি: এর মধ্যে।
২. প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সিসিএনএফ এর সদস্যরা তাদের কার্যক্রম এর উপর এক পাতার একটি প্রতিবেদন ছবি সহ সিসিএনএফ এর ইমেইলে প্রেরণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. সিসিএনএফ ২০১৮ সালের কার্যক্রমের উপর একটি বার্ষিক প্রতিবেদন তৈরী করতে হবে ১০ এপ্রিল ২০১৯ খ্রি: এর মধ্যে। বার্ষিক প্রতিবেদন তৈরী করে বিভিন্ন সরকারী এবং বেসরকারী অফিসে প্রেরণ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন নিয়ে বিশ্ব ব্যংক সহ যে সকল সংস্থা কাজ করছে সে সকল সংস্থার উপর একটি সার্ভে সম্পন্ন করতে হবে আগামী ১৫ এপ্রিল ২০১৯ খ্রি: এর মধ্যে। ডাটা সংগ্রহের পর এক পাতার একটি প্রতিবেদন তৈরী করে

সেই প্রতিবেদন ইউনিয়ন পরিষদ সহ বিভিন্ন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সাথে শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. সিসিএনএফ একটি রিসোর্সফুল গঠন করবে কর্মীর দক্ষতা উন্নয়নের লক্ষ্যে। আগামী ২৫ মার্চ ২০১৯ খ্রি: স্ব-স্ব সংস্থা তাদের রিসোর্স পার্সনের তালিকা সিসিএনএফ এর ইমেইলে প্রেরণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. সিসিএনএফ এবং কল্লবাজার চেম্বার অব কমার্স এপ্রিল ২০১৯ খ্রি: এর মধ্যে ঢাকায় “**রোহিঙ্গা সমস্যা এবং কল্লবাজারের উন্নয়ন শীর্ষক**” একটি সেমিনারের আয়োজন করবেন। যেখানে কল্লবাজারের চারজন মাননীয় সংসদ সদস্যকে দাওয়াত প্রদান করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৭. নতুন বছর ২০১৯ খ্রি: সিসিএনএফ এর কোন সদস্য কতটি এফডি-৭ এবং এফডি-৬ পেয়েছে তার একটি তালিকা সিসিএনএফ এর ইমেইলে ৩১ মার্চ ২০১৯ এর মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বিবিধ:

- সিসিএনএফ এর মাসিক সভায় নির্বাহী পরিচালক উপস্থিত থাকতে না পারলে তাঁর পরিবর্তে সিনিয়র যেকোন একজনকে পাঠানোর জন্য অনুরোধ করা হয়।
- সিসিএনএফ লোকালাইজেশনে বিশ্বাস করে। যোগ্যতা এবং প্রতিযোগিতার ভিত্তিতে স্থানীয়দের চাকরি হোক সেইটা আমরা কামনা করি। তবে অনৈতিক এবং বলপ্রয়োগের মাধ্যমে নয়।

আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী



জাহাঙ্গীর আলম

সদস্য সচিব-সিসিএনএফ।

মোবাইল নাম্বার: ০১৭১০-০২৮৮২৭।